# বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট
## (বিএসআরআই)
### ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

**বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট-এর বিভাগীয় প্রধানগণ এর সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :**

| | |
|---|---|
| সভাপতি | : ড. কবির উদ্দিন আহমেদ |
| তারিখ ও সময় | : ০৭/০৭/২০২৬ খ্রি., দুপুর: ০৩:০০ ঘটিকা |
| স্থান | : কনফারেন্স রুম, বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা। |
| উপস্থিতি | : সংযুক্তি 'ক'। |

**আলোচনা ও সিদ্ধান্ত:**

সভার শুরুতে সভাপতি মহোদয় সভাকক্ষে উপস্থিত পরিচালক (গবেষণা), পরিচালক (টিওটি) ও সকল বিভাগীয় প্রধানগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভায় নির্ধারিত আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ বিজ্ঞানী/ কর্মকর্তা |
|---|---|---|---|
| ১। | ১৮০ দিনের বৃক্ষরোপণ সংক্রান্ত কর্মপরিকল্পনা। | ১৮০ দিনের কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২৬-২০৩০ খ্রি. পর্যন্ত "০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ" এর লক্ষ্যে আগামী অর্থবছরগুলোর গৃহীত বাজেটের এক অংশে বিএসআরআই এর বীজ ও চারার (বিশেষত তাল ও খেজুর) জন্য বিশেষ বরাদ্দ রাখতে হবে।<br>বিএসআরআই এর খামারের পশ্চিমপ্রান্তে নারিকেল ও খেজুরের চারা রোপণ করতে হবে। অন-ফার্ম গবেষণা বিভাগ রোপণকৃত চারাগাছের চারপাশে সুবিন্যস্ত ও টেকসই নেটের ব্যবস্থা করবে। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, প্রধান, অন-ফার্ম গবেষণা বিভাগ এবং প্রধান, হিসাব বিভাগ। |
| ২। | খামার বিভাগ সংক্রান্ত। | বিএসআরআই এর উৎপাদিত বিভিন্ন পণ্যের বিক্রয়ের তথ্য আগামী ২০ জুলাই ২০২৬ খ্রি. এর মধ্যে মহাপরিচালক বরাবর জমা প্রদান করতে হবে। | ইনচার্জ , খামার বিভাগ। |
| ৩। | ডকুমেন্টরি প্রস্তুত সংক্রান্ত। | সভায় উপস্থিত সকলে প্রদর্শিত ডকুমেন্টরি দেখে ও আলোচনা করে যেসব বিষয় পরিবর্তন করা প্রয়োজন সেগুলো সন্নিবেশিত করতে হবে। যেমন, ডকুমেন্টরিতে ব্যবহৃত ব্যাকগ্রাউন্ড মিউজিক, নাটকের মত করে নাম প্রদর্শনী, গাঢ় কালো খয়েরী গুড়ের রং, রস সংগ্রহে প্লাস্টিকের বোতলের ব্যবহার ইত্যাদি বহুবিধ অসংগতি সংশোধন করে আবারো সঠিক ও পরিশীলিত করে যথাযথভাবে পাঠাতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ বিজ্ঞানী/ কর্মকর্তা |
|---|---|---|---|
| ৪। | বিএসআরআই এর বাজেট সংক্রান্ত। | যেহেতু গত অর্থবছরের বাজেট বরাদ্দের ব্যয়িত/অব্যয়িত অর্থ এর সমন্বয় বিল ৩০ জুন ২০২৬ খ্রি. এর মধ্যে জমা প্রদান নিশ্চিত হয়েছে। সেহেতু আগামী ১৫ জুলাই ২০২৬ এর মধ্যে সেটি সমন্বয় করতে হবে। | প্রধান, হিসাব বিভাগ। |
| ৫। | নতুন অর্থবছরের প্রশিক্ষণ সংক্রান্ত। | আগামী অর্থবছরের প্রশিক্ষণ কার্যক্রম সিডিউলে পিডিএম ট্রেনিং সবার আগে করতে হবে এবং বিজ্ঞানীবৃন্দ/ নবম গ্রেড ও তদূর্ধ কর্মকর্তাগণকে এই ট্রেনিং এ অন্তর্ভুক্ত করতে হবে। | পরিচালক (টিওটি) ও প্রশিক্ষণ বিভাগ। |
| ৬। | নতুন অর্থবছরের ডেমোনেস্ট্রেশন প্লট সংক্রান্ত। | গবেষণা/প্রদর্শনী প্লটের নিয়মিত মনিটরিং করতে হবে এবং এ সংক্রান্ত অগ্রগতির রিপোর্ট আগামী ১৫ আগস্ট ২০২৬ খ্রি. এর মধ্যে পরিচালক (গবেষণা) ও মহাপরিচালক মহোদয়কে প্রদান করতে হবে।<br><br>আখ চাষাবাদের নতুন প্রযুক্তি , সাথী ফসলসহ ৫০% আখের প্লট নন-মিল জোনে স্থাপন করতে হবে। বিশেষত যে সব অঞ্চলে আখের চাষ হচ্ছে না বা কম হচ্ছে সেসব অঞ্চলে আখের চাষ কিভাবে বাড়ানো যায় সেদিকে বিজ্ঞানীদের বিশেষ দৃষ্টি দিতে হবে এবং আখের চাষ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাকী ৫০% আখের প্লট মিল জোনে স্থাপন করা যাবে।<br>গুড়ের প্রদর্শনী প্লটসমূহের পাশে বন ঢেঁড়সের গাছ রোপিত থাকতে হবে এবং প্লটেগুলোতে অর্গানিক সার ব্যবহারের প্রতি বিশেষ জোর দিতে হবে। | প্রধান, সকল গবেষণা ও খামার বিভাগ। |
| ৭। | নতুন অর্থবছরের ক্রয় সংক্রান্ত। | এ বছর ২০২৬-২৭ অর্থ বছরে নতুন করে চাহিদাপত্র চাওয়া হয়েছে। আগামী ১৫ জুলাই ২০২৬ খ্রি. তারিখে এ সকল চাহিদাপত্র সংক্রান্ত সভা করতে হবে।<br><br>অফিসের জন্য ০২ টি গাড়ী কেনার ব্যবস্থা নিবেন। (দায়িত্ব: ড. কে এম রেজাউল করিম, প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, ড. মো. আনিসুর রহমান, প্রধান কৃষি প্রকৌশল বিভাগ, জনাব মো. আব্দুল্লাহ আল বাকী, প্রধান, হিসাব বিভাগ ও জনাব, মো. আইনুল হোসেন, প্রধান, সংগ্রহ শাখা। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, প্রধান, কৃষি প্রকৌশল বিভাগ, প্রধান, হিসাব বিভাগ ও প্রধান, সংগ্রহ শাখা। |
| ৮। | স্যুভেনিয়র একটি প্রকাশ ও কমন ক্রেস্ট তৈরি সংক্রান্ত। | প্রতিষ্ঠানে বিভিন্ন সময়ে আগত অতিথিবৃন্দের জন্য বিএসআরআই থেকে একটি স্যুভেনিয়র প্রকাশ ও কিছু সংখ্যক কমন ক্রেস্ট তৈরি করতে হবে। | |
| ৯। | ঢাকা গেস্ট হাউজ সংক্রান্ত। | ঢাকা গেস্ট হাউজে অবস্থানের উদ্দেশ্য, আগমনের দিন, তারিখ ও সময় উল্লেখপূর্বক রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে। | প্রধান, সকল বিভাগের প্রধানগণ ও গেস্ট হাউজ ইনচার্জ, ঢাকা। |
| ১০। | প্রকল্প জমা প্রদান সংক্রান্ত। | প্রত্যেক গবেষণা বিভাগ থেকে ন্যূনতম একটি করে প্রকল্প আগামী ১৫ আগস্ট ২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও মহাপরিচালক মহোদয় বরাবর জমা প্রদান করতে হবে। প্রকল্পের টাইটেল, অবজেক্টিভ, মেথোডোলোজি সুগারক্রপ চাষাবাদের সমসাময়িক সমস্যা নিরূপণ ও সম্ভাবনা কেন্দ্রিক ও যৌক্তিকতা ভিত্তিক হতে হবে। | প্রধান, সকল গবেষণা বিভাগের প্রধানগণ এবং পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ বিজ্ঞানী/ কর্মকর্তা |
|---|---|---|---|
| ১১। | কল্যাণ তহবিল সংক্রান্ত। | বিএসআরআই কল্যাণ তহবিল এর নীতিমালা ২০২৬ প্রণয়ন করতে হবে। এ বিষয়ে গঠিত কমিটি অন্যান্য বিভিন্ন প্রতিষ্ঠনের কল্যাণ তহবিল এর নীতিমালা সংগ্রহ , যাচাই-বাছাই, পরিবীক্ষণ শেষে যথোপযুক্ত নীতিমালা বিএসআরআই এর পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করবেন।<br>কমিটি:<br>ড. মো. আনিসুর রহমান, প্রধান, রোগতত্ত্ব বিভাগ -আহবায়ক<br>জনাব মো.আইনুল হক, লাইব্রেরীয়ান - সদস্য<br>জনাব মো. আব্দুল্লাহ আল বাকী, প্রধান, হিসাব বিভাগ - সদস্য সচিব | প্রধান, রোগতত্ত্ব বিভাগ, প্রধান, হিসাব বিভাগ ও প্রধান, সংগ্রহ শাখা। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭.৭.২৬
(ড. মো. আতাউর রহমান)
পরিচালক (গবেষণা)

১৭/০৭/২৬
(ড. কবির উদ্দিন আহমেদ)

## বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট
ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

নং-বিএসআরআই/আর-১৪/২০২৬/২৪৭

তারিখ: ১৯/০৭/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ প্রেরণ করা হলো।

১৯/০৭/২৬
(ড. মো. নূরে আলম সিদ্দিকী)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
বিভাগীয় প্রধান, প্রশাসন বিভাগ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। পরিচালক (গবেষণা), বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা।
২। পরিচালক (টিওটি), বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা।
৩। সকল বিভাগীয়/শাখা প্রধান, বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা।
৪। স্টেশন ইনচার্জ, আরএসআরএস, গাজীপুর/ঠাকুরগাঁও/সুবর্ণচর, নোয়াখালী।
৫। উপকেন্দ্র ইনচার্জ, বিএসআরআই উপকেন্দ্র, রাজশাহী/জামালপুর/গাইবান্ধা/বান্দরবান/ রহমতপুর (বরিশাল)/ জয়পুরহাট/চুয়াডাঙ্গা/চুনারুঘাট (হবিগঞ্জ)/সিরাজগঞ্জ।
৬। সহকারী সমন্বয় কর্মকর্তা, বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা।

(১–৬: অধীনস্থদের অবহিতকরণের অনুরোধসহ।)

৭। আইসিটি সেল, বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা (বিএসআরআই এর ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮। অফিস/মাস্টার ফাইল।